দৈনিক
জনকণ্ঠ

তারিখ 15 SEP 2017
পৃষ্ঠা ৩ কলাম ৪

# এমবিবিএস ভর্তি পরীক্ষায় নম্বর কাটা ॥ হাইকোর্টের সিদ্ধান্ত স্থগিত

স্টাফ রিপোর্টার ॥ এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষায় দ্বিতীয়বার অংশগ্রহণকারী পরীক্ষার্থীদের প্রাপ্ত নম্বর থেকে পাঁচ নম্বর কেটে তালিকা তৈরির সিদ্ধান্ত স্থগিত করে হাইকোর্টের দেয়া আদেশ স্থগিত করেছেন চেম্বার জজ। এর ফলে আগের নিয়মেই এমবিবিএস পরীক্ষা হতে বাধা নেই বলে জানিয়েছেন এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম। বৃহস্পতিবার দুপুরে চেম্বার বিচারপতি হাসান ফয়েজ সিদ্দিকীর আদালতে রাষ্ট্রপক্ষের আবেদনের পরিপ্রেক্ষিতে এই আদেশ দেন। একই সঙ্গে আগামী ৩ অক্টোবর আপীল বিভাগের নিয়মিত বেঞ্চে শুনানির জন্য পাঠিয়ে দেয়া হয়েছে।

এর আগে গত মঙ্গলবার বিচারপতি এম. ইনায়েতুর রহিম ও বিচারপতি মোঃ জাহাঙ্গীর হোসেনের সমন্বয়ে গঠিত হাইকোর্টের দ্বৈত বেঞ্চ পাঁচ নম্বর কাটার সিদ্ধান্ত স্থগিত করে আদেশ দেয়। পাশাপাশি রুল জারি করে আদালত। স্বাস্থ্য সচিব, স্বাস্থ্য অধিদফতরের মহাপরিচালক, পরিচালক (চিকিৎসা শিক্ষা ও স্বাস্থ্য জনশক্তি উন্নয়ন), বাংলাদেশ মেডিক্যাল ও ডেন্টাল কাউন্সিলের (বিএমডিসি) চেয়ারম্যান ও ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসিকে চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়। রাষ্ট্রপক্ষে এ্যাটর্নি জেনারেল মাহবুবে আলম ওই আদেশের বিরুদ্ধে চেম্বার আদালতে গেলে বৃহস্পতিবার শুনানি হয়। শুনানি শেষে হাইকোর্টের আদেশ স্থগিত করে রাষ্ট্রপক্ষের লিভ টু আপীলের (আপীলের অনুমতি) শুনানির জন্য ৩ অক্টোবর দিন ধার্য করে চেম্বার বিচারপতি।